



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/২০২১/২৮২৮

তারিখঃ ১৩/০৯/২০২১ খ্রি.

বিষয়ঃ নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ চেয়ারম্যান, বাংলাদেশ আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর নির্দেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৮/০৩/২০২০ তারিখ হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ থেকে প্রবিধি ২৮ পর্যন্ত দফাগুলো অনুসরণপূর্বক উক্ত প্রবিধানমালার প্রবিধি ৪ মোতাবেক গভর্নিংবডি এবং প্রবিধি ৭ ও ৮ মোতাবেক ম্যানেজিং কমিটি (প্রয়োজ্য ক্ষেত্রে) গঠন করার জন্য অনুরোধ করা হলো।

Intermediate and Secondary Education Board 1961 (E.P.Ord.No XXXIII of 1961)এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

প্রফেসর মোহাম্মদ ইউনুস (৬৯৪৭)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

প্রাপকঃ

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রিজাইডিং অফিসার/
রিটার্নিং অফিসার।

বিতরণঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা
- ০৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা
- ০৬। সংরক্ষণ নথি